'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Aec 2nd Semester Examination, 2024

## UBNGAEM10001-BENGALI

### ব্যবহারিক বাংলা ভাষাচর্চা

Time Allotted: 1 Hour 30 Minutes Full Marks: 30

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাওঃ ২×৫ = ১০

(ক) তোমাদের পাঠ্যসূচিতে কী কী ধরনের পত্ররচনা রয়েছে ?

(খ) প্রতিবেদন রচনার শুরুতে কী কী তথ্য দিতে হয় ?

(গ) সভার কার্যবিবরণী বলতে কী বোঝো ?

(ঘ) নিমন্ত্রণপত্রে কীভাবে সম্বোধন করা হয় দু'টি উদাহরণ দিয়ে লেখো।

(ঙ) প্রতিবেদন রচনার শিরোনামের দু'টি গুরুত্বপূর্ণ সূত্র উল্লেখ করো।

(চ) প্রাতিষ্ঠানিক পত্ররচনার সময় প্রেরক ও প্রাপকের ঠিকানা কোথায় লিখতে হয় ?

(ছ) তাৎক্ষণিক বক্তৃতা প্রদানের দু'টি মূল সূত্র তুলে ধরো।

(জ) তুমি তোমার কলেজের অধ্যক্ষের সঙ্গে কোনো বিষয়ে কথা বলতে চাইলে কীভাবে তাঁর সঙ্গে কথা শুরু করবে ?

২। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) তোমার মহাবিদ্যালয়ের সরস্বতী পুজোর নিমন্ত্রণপত্র রচনা করো।

(খ) তোমার পাড়ার ক্লাবের দ্বারা আয়োজিত রক্তদান শিবির বিষয়ক সভার কার্যবিবরণী উল্লেখ করো।

(গ) গত ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে ভারতের পরাজয় বিষয়ে দুই বন্ধুর মধ্যে কথোপকথন রচনা করো।

(ঘ) মহাবিদ্যালয়ে বৃক্ষরোপণ উৎসব উপলক্ষ্যে একটি তাৎক্ষণিক বক্তৃতা রচনা করো।

৩। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) তোমার অঞ্চলে ডেঙ্গু রোগের প্রকোপ নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

(খ) রেশন কার্ডে তোমার নামের বানান ভুল সংশোধন করার জন্য নির্দিষ্ট সরকারি দপ্তরে আবেদন রচনা করো।

——×——